

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
প্রধানমন্ত্রীর কার্যালয়  
নির্বাহী সেল (বেসরকারি ইপিজেড)

পুরাতন সংসদ ভবন  
ঢাকা

পত্র সংখ্যা ০৩:৪৫১:০২২:০০০০:২০১৬:৩২২

তারিখ ১৪ পৌষ, ১৪২৪  
২৮ ডিসেম্বর, ২০১৭

বিষয় : 'উন্নয়ন মেলা'র প্রতিপাদ্য বিষয়, পোস্টার, ব্যানার ও আলোচনা সভা প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, আগামী ১১,১২,১৩ জানুয়ারি 'উন্নয়ন মেলা' ২০১৮ অনুষ্ঠিত হবে। উক্ত মেলা আয়োজন উপলক্ষে মেলার প্রতিপাদ্য বিষয়, পোস্টার, ব্যানার ও আলোচনার বিষয় নির্ধারণ করা হয়েছে।

(ক) প্রতিপাদ্য বিষয়ঃ এ বৎসর মেলার প্রতিপাদ্য বিষয় নিম্নরূপ।

‘উন্নয়নের রোল মডেল

শেখ হাসিনার বাংলাদেশ’


(খ) পোস্টার : মেলার পোস্টার কেন্দ্রীয়ভাবে মুদ্রণ ও বিতরণের দায়িত্ব তথ্য মন্ত্রণালয়কে প্রদান করা হয়েছে। প্রয়োজনে স্থানীয়ভাবেও তা মুদ্রণ করে ব্যাপক প্রচারের ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে।

(গ) ব্যানার : কেন্দ্রীয়ভাবে ব্যানারের ডিজাইনের সফট কপি জেলা প্রশাসকের বরাবরে প্রেরণ করা হবে। স্থানীয়ভাবে তা প্রিন্ট করে প্রচার/ব্যবহার করা যেতে পারে।

(ঘ) আলোচনা সভার বিষয় : আলোচনাকালে নিম্নোক্ত এক বা একাধিক বিষয়ের উপর আলোচনা হতে পারে।

- (১) বঙ্গবন্ধুর উন্নয়ন দর্শন ও আজকের বাংলাদেশ।
- (২) রূপকল্প ২০২১ ও ২০৪১ উন্নয়নের মহাসড়কে বঙ্গবন্ধুর বাংলাদেশ।
- (৩) মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার ১০টি উদ্যোগ ও রূপকল্প ২০২১ এবং ২০৪১।
- (৪) শেখ হাসিনার দর্শন বাংলাদেশের উন্নয়ন।
- (৫) ডিজিটাল বাংলাদেশ এবং উন্নয়নের অগ্রযাত্রা।
- (৬) এমডিজি অর্জন ও এসডিজি অর্জনের পথে বাংলাদেশ।
- (৭) বাংলাদেশে বিনিয়োগ সম্ভবনা।

(ঙ) থিম সং : প্রতিপাদ্য বিষয়ের উপর ভিত্তি করে সকল জেলা প্রশাসককে Theme Song এর সফট কপি(যদি থাকে) প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

  
(সমর কুমার ঘোষ)  
পরিচালক (নির্বাহী সেল)

☎ : ৯১৪০৯৮১

মোবাইল: ০১৭১২-৯৬৯২৯৬

ই-মেইল : [dir.pepz@pmo.gov.bd](mailto:dir.pepz@pmo.gov.bd)

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. সিনিয়র সচিব/সচিব/ভারপ্রাপ্ত সচিব (সকল).....।
২. মহাপরিচালক (সকল), প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।
৩. বিভাগীয় কমিশনার (সকল)।
৪. পরিচালক (সকল), প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।
৫. জেলা প্রশাসক (সকল).....জেলা।
৬. মুখ্য সচিব/মুখ্য সমন্বয়ক (এসডিজি)/সিনিয়রসচিব এর একান্ত সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।
৭. উপজেলা নির্বাহী অফিসার (সকল)..... উপজেলা ..... জেলা।